



অফিস আদেশ

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৭.৩১.০২৮.১২- ২০০-

তারিখ : ২৪/০২/২০১৯ খ্রিস্টাব্দ

ফাজিল পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভুক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে নিম্নে উল্লিখিত সংখ্যা ও হার মোতাবেক বৃত্তি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বৃত্তির প্রকার	বৃত্তির সংখ্যা	বৃত্তির হার (মাসিক)	এককালীন অনুদান (বাৎসরিক)	বৃত্তির মেয়াদ
মেধাবৃত্তি	৭৫ (পঁচাত্তর) টি	১০৫০/-	১৮০০/-	০২ (দুই) বছর
সাধারণ বৃত্তি	৩০০ (তিনশত) টি	৪৫০/-	৯০০/-	

শর্তাবলী :

- ১। জাতীয় মেধার ভিত্তিতে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রস্তুত করতে হবে।
- ২। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধা এবং সাধারণ বৃত্তি ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বণ্টিত হবে।
- ৩। বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তি হলেই কেবল বৃত্তি ভোগের যোগ্য হবেন।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সরকার নির্ধারিত বিল ফরমে বৃত্তি খাতের কোড নম্বর উল্লেখ পূর্বক বিল প্রস্তুত করে উপজেলার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কার্যালয়ে বিল জমা দিয়ে চেক সংগ্রহ করবেন।
- ৫। এই বৃত্তির ব্যয় চলতি (২০১৮-২০১৯) অর্থ বছরের রাজস্ব বাজেটের “১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭” বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।
- ৬। বৃত্তির গেজেটে উল্লিখিত বৃত্তির খাত/কোড নম্বর সঠিকভাবে মুদ্রণ করতে হবে।
- ৭। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বৃত্তির নীতিমালা অনুসরণ করে উল্লিখিত বটন মোতাবেক বৃত্তির গেজেট প্রকাশ পূর্বক প্রকাশিত বৃত্তির গেজেটের হার্ড কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে এবং পূর্ণাঙ্গ ০১ (এক) সেট (হার্ড কপি) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।
- ৮। রাজস্ব খাতভুক্ত মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি সংক্রান্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের নির্ধারিত লিংকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের গেজেটের তালিকা প্রকাশ করতে হবে।

প্রাপক :

রেজিস্ট্রার
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৭.৩১.০২৮.১২- ২০০(২)

তারিখ : ২৪/০২/২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা।
০৫. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
("২০১৮-২০১৯ অর্থ বছরের ফাজিল পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তির বরাদ্দ প্রদানের অফিস আদেশ" শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটে (www.dshe.gov.bd>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ) প্রকাশের অনুরোধসহ)
০৭. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৮. সংরক্ষণ নথি।

২৪/২/২০১৯

(প্রফেসর খুরশীদ আলম)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২